

# পশ্চিম মেদিনীপুর জেলা পরিষদ

মেদিনীপুর :: ৭২১১০১

Fax: (03222) 263597 :: Phone: (03222) 275988 :: email: - secy\_pmpz@rediffmail.com :: website: - www.zpamidwest.org

স্মারক নং - ৩৩/৭৭২/১৭

তারিখ - ২২.১২.২০১৯

## নীলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের উদ্দেশ্যে জানানো যায় যে, জেলা পরিষদের নিজস্ব দুটি গাড়ী যথাক্রমে একটি আরমাদা (WB 34 D 2424) গাড়ী এবং একটি টাটা সুমো (WB 34 F 8280) গাড়ী নীলামের মাধ্যমে বিক্রয় করার জন্য আগামী ২৪.১২.২০১৯ তারিখ বুধবার দুপুর ২ টায় নিম্নোক্ত শর্তাবলীতে উক্ত গাড়ী দুটি বিক্রয় করার জন্য নীলাম করা হবে। আগ্রহী ব্যক্তিগণ নিম্নস্বাক্ষরকারী অফিসে যোগাযোগ করে সরেজমিনে পরিদর্শন করে অংশ গ্রহন করার জন্য অনুরোধ করা হল।

১. দ্রব্যের নাম ও বিবরণ - একটি আরমাদা (WB 34 D 2424) গাড়ী এবং একটি টাটা সুমো (WB 34 F 8280) গাড়ী
২. আরমাদা গাড়ীর (WB 34 D 2424) ক্ষেত্রে ২৭,০০০.০০ (সাতাশ হাজার) টাকা প্রকৃত মূল্য থেকে নীলাম ডাক শুরু হবে।
৩. টাটা সুমো গাড়ীর (WB 34 F 8280) ক্ষেত্রে ৩০,০০০.০০ (ত্রিশ হাজার) টাকা প্রকৃত মূল্য থেকে নীলাম ডাক শুরু হবে।
৪. নীলামের তারিখ - ২৪.১২.২০১৯. বুধবার (নিম্নস্বাক্ষরকারীর অফিস)
৫. নীলামের সময় - দুপুর ২ টায়
৬. উক্ত নীলামে অংশ গ্রহনকারী ব্যক্তিদের নীলামের পূর্বে আমানত বাবদ ধার্যকৃত টাকা জমা করতে হবে, নীলাম ডাকের পর উক্ত অর্থ ফেরৎ দেওয়া হবে। আরমাদা গাড়ী (টাঃ ৫০০০), টাটা সুমো গাড়ী (টাঃ ৫০০০), নীলাম প্রক্রিয়া সম্পূর্ণ হওয়ার পর আমানত অর্থ ফেরৎ দেওয়া হবে।
৭. প্রথম সর্বোচ্চ ডাককারী যদি তাঁর ডাকের সমূহ অর্থ সঙ্গে সঙ্গে মিটিয়ে দিতে না পারেন তবে দ্বিতীয় সর্বোচ্চ ডাককারীকে তাঁর ডাকের সমূহ অর্থ মিটিয়ে গাড়ীটি ক্রয়ের সুযোগ দেওয়া হইবে। যদি তিনি তাঁর ডাকের সমূহ অর্থ সঙ্গে সঙ্গে মিটিয়ে দিতে না পারেন অনুরূপভাবে ৩য় সর্বোচ্চ ডাককারীকে সুযোগ দেওয়া হবে এবং এই প্রক্রিয়ায় ডাক চলতে থাকবে। যদি পাশাপাশি ডাকের মধ্যে খুব বেশী টাকার পার্থক্য থাকে সেক্ষেত্রে জিলা পরিষদ কর্তৃপক্ষ ডাক বাতিল বলে ঘোষণা করতে পারবেন। সর্বোচ্চ ডাকের অর্থ তৎক্ষণাৎ জমা না দিলে জমা দেওয়া তাঁর জামানত অর্থ বাজেয়াপ্ত হইবে এবং দ্বিতীয় ডাককারীকে পর্যায়ক্রমে অনুরূপ সুযোগ প্রদান করা হবে। জামানত বাজেয়াপ্ত এর ক্ষেত্রে একই নিয়ম প্রযুক্ত হবে কিন্তু সর্বোচ্চ ডাকের অর্থ তাৎক্ষণিকভাবে মেটানোর ক্ষেত্রে কোন ওজর আপত্তি শোনা যাবে না।
৮. ডাক চলাকালীন সময়ে প্রয়োজনবোধে কর্তৃপক্ষ সম্ভাব্য টাকা দর্শানোর জন্য বলতে পারবেন এবং ডাককারী তা দর্শাতে বাধ্য থাকবেন। যদি টাকা না দর্শাতে পারেন তাহলে তাঁকে পরবর্তী রাউন্ড থেকে ডাকের শেষ রাউন্ড পর্যন্ত আর ডাক দিতে দেওয়া যাইবে না।
৯. সকল সর্বোচ্চ দরদাতাকে নিজ খরচে উক্ত গাড়ীগুলি নিয়ে যেতে হবে।
১০. গাড়ী গুলি যেহেতু Scrape হিসাবে নীলাম করা হবে, তাই গাড়ীর মালিকানা নিবন্ধীকরণের বদল/ হস্তান্তর কোন ভাবেই গ্রাহ্য/প্রযুক্ত হবে না।
১১. কোনরূপ কারণ না দেখিয়ে যে কোন ডাক গ্রহণ বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষের থাকবে। জিলা পরিষদের সিদ্ধান্ত- ই চূড়ান্ত বলিয়া গণ্য হবে।
১২. যিনি ডাকে অংশ গ্রহন করবেন তিনি নিজের পরিচয়ের জন্য যে কোন একটি পরিচয় পত্র সঙ্গে নিয়ে আসবেন (ফটো কপি)।

সচিব

পশ্চিম মেদিনীপুর জেলা পরিষদ  
সি. মেদিনীপুর

পরবর্তী পৃষ্ঠায় .....

স্মারক নং- ৩৩/১ (২৭) /সমস্বী  
প্রতিলিপি বহুল প্রচারের জন্য প্রেরণ করা হলঃ-

তারিখ.- ২২.১২.২০১৯

১. সভাধিপতি, পশ্চিম মেদিনীপুর জিলা পরিষদ।
২. জেলা শাসক, পশ্চিম মেদিনীপুর।
৩. অতিরিক্ত জেলা শাসক ও অতিরিক্ত নির্বাহী আধিকারিক, পশ্চিম মেদিনীপুর জিলা পরিষদ।
৪. কুনাল ব্যানার্জী, অফিসার ইন চার্জ রেভিনিউ মুনসিখানা, পশ্চিম মেদিনীপুর।
৫. মহকুমা শাসক, মেদিনীপুর / খড়াপুর / ঘাটাল মহকুমা।
৬. আর্থিক নিয়ামক ও মুখ্য গণন আধিকারিক, পশ্চিম মেদিনীপুর জিলা পরিষদ।
৭. আঞ্চলিক পরিবহন আধিকারিক, পশ্চিম মেদিনীপুর।
৮. জেলা তথ্য সাংস্কৃতিক আধিকারিক, পশ্চিম মেদিনীপুর, এ বিষয়ে একটি বিজ্ঞাপন যে কোন দুটি বহুল প্রচারিত স্থানীয় সংবাদপত্রে প্রকাশ করার জন্য অনুরোধ জানাচ্ছি।
৯. জেলা বাস্তুকার, পশ্চিম মেদিনীপুর জিলা পরিষদ।
১০. রামসুন্দর সামুই, মোটর ভেইকেল ইন্সপেক্টর (টেকনিকাল), পশ্চিম মেদিনীপুর।
১১. শ্রী সঞ্জীব চৌধুরী, DIA, পশ্চিম মেদিনীপুর। আপনাকে নীলামের বিজ্ঞপ্তিটি জেলা পরিষদের ওয়েবসাইটে Upload করার অনুরোধ জানাই।
১২. গাণনিক, পশ্চিম মেদিনীপুর জিলা পরিষদ।
১৩. ক্যাশিয়ার, পশ্চিম মেদিনীপুর জিলা পরিষদ।
১৪. নোটিশ বোর্ড, মেদিনীপুর পৌরসভা, মেদিনীপুর।
১৫. অফিস নোটিশ বোর্ড।

দীপকানন্দ

সচিব

পশ্চিম মেদিনীপুর জেলা পরিষদ  
-১২/১২/১৯-